



“আমরা স্বাক্ষর হব  
সকলে কর দেব”  
-মাননীয় প্রধানমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কর কমিশনারের কার্যালয়  
কর অঞ্চল-রাজশাহী  
[www.taxeszonerajshahi.gov.bd](http://www.taxeszonerajshahi.gov.bd)

“আমরা বদলে যাব  
আমরা বদলে দেব”

## বরাবর

.....  
.....  
.....

### বিষয়ঃ চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে সেবা প্রদানকারী/বিল গ্রহণকারীর বিলের উপর ৭% হারে উৎসে আয়কর কর্তন নিশ্চিকরণ প্রসঙ্গে

কর অঞ্চল-রাজশাহীর অধিক্ষেত্রাধীন রাজশাহী সিটি করপোরেশন এবং রাজশাহী, নাটোর, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ ও পাবনা জেলার সকল উৎসে কর কর্তনকারী/আদায়কারী কর্তৃপক্ষের অবগতির জন্য জানানো যাচ্ছে যে -

- আয়কর অধ্যাদেশ'১৯৮৪ এর ধারা ৫২ অনুযায়ী যে সকল সেবা প্রদানকারী/বিল গ্রহণকারী করদাতার (তেল বিপনন কোম্পানী ব্যতীত) ২০২২-২০২৩ অর্থবছরে প্রদত্ত/প্রদেয় মোট বিলের পরিমাণ ইতোমধ্যে ২(দুই) কোটি টাকার সীমা অতিক্রম করিয়াছে বা করবে, সে সকল সেবা প্রদানকারী/বিল গ্রহণকারী করদাতার ৩০শে জুন'২০২৩ তারিখ পর্যন্ত চলতি অর্থ বছরের মোট বিলের বিপরীতে আয়কর অধ্যাদেশ'১৯৮৪ ধারা ৫২ এবং বিধি ১৬ অনুযায়ী ৭% হারে উৎসে কর কর্তন করতে হবে;
- একুপ সেবা প্রদানকারী/বিল গ্রহণকারী করদাতার ৩০শে জুন'২০২৩ তারিখ পর্যন্ত চলতি অর্থ বছরের মোট বিলের পরিমাণ ৫০ লক্ষ টাকা হতে ২ (দুই) কেটি টাকায় সীমাবদ্ধ হলে আয়কর অধ্যাদেশ'১৯৮৪ ধারা ৫২ এবং বিধি ১৬ অনুযায়ী ৫% হারে উৎসে কর কর্তন করতে হবে;
- সেবা প্রদানকারী/বিল গ্রহণকারী করদাতার ৩০শে জুন'২০২৩ তারিখ পর্যন্ত চলতি অর্থ বছরের মোট বিলের পরিমাণ ৫০ লক্ষ টাকা পর্যন্ত হলে আয়কর অধ্যাদেশ'১৯৮৪ ধারা ৫২ এবং বিধি ১৬ অনুযায়ী ৩% হারে উৎসে কর কর্তন করতে হবে;

এখানে উল্লেখ্য যে, কম হারে উৎসে কর কর্তন করা হলে বা কর্তিত কর যথাসময়ে নির্ধারিত কোড উল্লেখপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদানে ব্যর্থ হলে, আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫৭ (উপধারা ১ থেকে ৪) অনুযায়ী আয়কর কর্তনকারী কর্তৃপক্ষের ব্যক্তিগত দায় হিসেবে বিবেচনা করতঃ উক্ত ধারার বিধান অনুযায়ী ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডের বিধান রয়েছে।

উৎসে কর্তিত কর সরকারি কোষাগারে জমা প্রদানের কোড	কোম্পানী করদাতার নিকট হতে কর কর্তন করা হলে	কোম্পানী ব্যতীত করদাতার নিকট হতে কর কর্তন করা হলে
	১-১১৪১-০০৬০-০১০১	১-১১৪১-০০৬০-০১১১

এছাড়াও এ চালানের মাধ্যমে নিম্নলিখিত কোডে সরকারি কোষাগারে উৎসে কর্তিত কর জমা প্রদান করা যাবে:  
অনলাইন কোড (আইবাস বুক এডজাস্টমেন্ট এর ক্ষেত্রে)

কোম্পানী শ্রেণীর করদাতার ক্ষেত্রে-	১১১০২১৫১০২৪৩৭-১১০০০০০০০-১১১২১০১
ব্যক্তি বা অন্যান্য শ্রেণীর করদাতার ক্ষেত্রে-	১১১০২১৫১০২৪৩৭-১১০০০০০০০-১১১১১০১

#### অধিকতর তথ্যের জন্য যোগাযোগ :

উৎসে কর জমা প্রদানের  
সংশ্লিষ্ট উপ কর কমিশনারের কার্যালয়।

কর কমিশনার  
কর অঞ্চল-রাজশাহী।